গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০২২-৩১৮ তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৯ / ১৪ মার্চ ২০২৩

বিষয় : ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভা ০৯/০৩/২০২৩ তারিখ সকাল ১১.৩০ টায় স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মুহম্মদ ইব্‌রাহিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবলোকন ও সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৪/৩/২৩

পিন্টু বেপারী
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ:

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৬। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন/প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

বিষয় : ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহম্মদ ইব্‌রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ

সভার তারিখ ও সময় : ০৯ মার্চ ২০২৩ খ্রিঃ, সকাল ১১.৩০ টা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীর শহীদদের গভীর শ্রদ্ধায় স্মরণ করেন। সভাপতি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচীর সাথে সমন্বয় করে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়। স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কর্মসূচির আলোকে প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের স্বাস্থ্যবিধি সংক্রান্ত অনুশাসন/নির্দেশনা প্রতিপালন করে প্রয়োজনীয় পরিস্কার ও পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| ২. | (ক) গণভবন থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত চলাচলের সড়ক, মহাসড়ক, পদ্মাসেতুসহ অন্যান্য স্থাপনায় জাতীয় শিশু দিবসের আলোকে ব্যানার, ফেষ্টুন, প্লেকার্ড, রংঙিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিতকরণ;<br>(খ) বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি ও সরকারের আর্থিক সাশ্রয় নীতি সংক্রান্ত নির্দেশনা অনুসরণক্রমে দিবসের গুরুত্ব ও ভাবমূর্তি বিবেচনায় আলোক সজ্জার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩. | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করবে। এছাড়াও যথাযোগ্য মর্যাদায় জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ১৭/০৩/২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থাসমূহ |
| ৫. | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে মসজিদসমূহে বাদ যোহর অথবা সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করতে হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৬. | স্ব স্ব অনুবিভাগ এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবে। | স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ |

৩। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৩/২০২৩

মুহম্মদ ইব্‌রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ